

প্রাইম মিনিষ্টারস্
এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম
(পি.এম.ই.জি.পি)



শিল্প ও বাণিজ্য দপ্তর
খেজুর বাগান, আগরতলা, ত্রিপুরা

প্রাইম মিনিস্টারস্
এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম
(পি এম ই জি পি)

ভারত সরকারের পি.এম.ই.জি.পি. প্রকল্পে উৎপাদন এবং পরিষেবা ব্যবসা ক্ষেত্রে উদ্যোগ স্থাপনের জন্য সরকারী ভর্তুকীর সহায়তায় ব্যাংক ঋণ দেওয়ার সুবিধা চালু করা হয়েছে।

- ❖ **কারা আবেদন করতে পারেন :** যে কোন ব্যক্তি, স্বনির্ভর দল (এ পি এল এবং বি পি এল) সমবায় সমিতি এবং চ্যারিটেবল ট্রাস্ট।
- ❖ **আবেদনকারীর বয়স :** প্রত্যেক আবেদনকারীর বয়স ১৮ বছর হওয়া আবশ্যিক।
- ❖ **বাৎসরিক আয় :** এই প্রকল্পে আবেদন করার জন্য কোন আয়সীমা নেই।
- ❖ **উপযুক্ত উদ্যোগ :** কেবলমাত্র উৎপাদন ক্ষেত্র এবং পরিষেবা / ব্যবসা ক্ষেত্রে উদ্যোগ স্থাপনের জন্য ঋণের আবেদন করা যেতে পারে। এই প্রকল্পের মাধ্যমে ঋণের সুবিধা এক মাত্র নতুন উদ্যোগ স্থাপনের জন্য বিবেচিত হয়।
- ❖ **প্রকল্প ব্যয় পরিমাণ :** উৎপাদন ক্ষেত্রে সর্বাধিক ২৫ লাখ টাকা এবং পরিষেবা ও ব্যবসা ক্ষেত্রে সর্বাধিক ১০ লাখ টাকা।
- ❖ **শিক্ষাগত যোগ্যতা :** উৎপাদন ক্ষেত্রে ১০ লাখ টাকার বেশি প্রকল্প ব্যয় হলে এবং পরিষেবা / ব্যবসা ক্ষেত্রে প্রকল্প ব্যয় ৫ লাখ টাকার উপরে হলে প্রার্থীর যোগ্যতা হতে হবে ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ।
- ❖ **ই.ডি.পি প্রশিক্ষণ :** ব্যাঙ্ক দ্বারা ঋণ অনুমোদন হওয়ার পর আবেদনকারীকে বাধ্যতামূলক ই.ডি.পি প্রশিক্ষণ নিতে হবে।

- ❖ **আবেদন করার পদ্ধতি :** অন-লাইনে পি.এম.ই.জি.পি-র ই-পোর্টালের (www.kvic.online.gov.in) মাধ্যমে আবেদন জমা দিতে হবে।
- ❖ **প্রয়োজনীয় দস্তাবেজ :** ১) আধার/প্যান কার্ড, ২) পাসপোর্ট সাইজ ফটো, ৩) প্রজেক্ট রিপোর্ট, ৪) পপুলেশন সার্টিফিকেট (কেবলমাত্র গ্রামীণ এলাকায় বসবাসকারীদের জন্য), ৫) শিক্ষাগত / প্রযুক্তি শিক্ষাগত শংসাপত্র, ৬) কাস্ট সার্টিফিকেট।
- ❖ **সুবিধাভোগী নির্বাচন :** জেলা শাসক নেতৃত্বাধীন ডিস্ট্রিকট টাস্ক ফোর্স কমিটি কর্তৃক সাক্ষাৎকার গ্রহণ প্রক্রিয়ার মাধ্যমে সুবিধাভোগী নির্বাচন করা হবে।
- ❖ **প্রকল্প মঞ্জুর :** প্রযুক্তি ও অর্থনীতির উপযুক্ততা বিবেচনার ভিত্তিতে ব্যাঙ্কের অর্থলগ্নিকারী শাখাসমূহ প্রকল্প মঞ্জুর করবে।
- ❖ **ব্যাঙ্ক ঋণের পরিমাণ :** মঞ্জুরীকৃত প্রকল্প ব্যায়ের ৯৫ শতাংশ অর্থ ব্যাঙ্ক মঞ্জুর ও প্রদান করবে।
- ❖ **নিজস্ব অর্থ লগ্নীর পরিমাণ :** সুবিধাভোগীকে সার্বিক প্রকল্প ব্যায়ের ৫ শতাংশ অর্থ বিনিয়োগ করতে হবে।
- ❖ **উদ্যোগ স্থাপনের এলাকা :** শহর ও গ্রাম উভয় এলাকাতে উদ্যোগ স্থাপনে সহায়তা দেওয়া হয়।
- ❖ **ভর্তুকির হার :** গ্রাম এলাকায় প্রকল্প স্থাপনের জন্য : সার্বিক প্রকল্প ব্যায়ের ৩৫ শতাংশ, শহর এলাকায় প্রকল্প স্থাপনের জন্য : সার্বিক প্রকল্প ব্যায়ের ২৫ শতাংশ।
- ❖ **বিপননে সহায়তা :** পি এম ই জি পি ইউনিট কর্তৃক উৎপাদিত পণ্য বিক্রি করার জন্য প্রদর্শনী, ক্রেতা-বিক্রেতা-সভা ইত্যাদির ব্যবস্থা করা হবে।

- ❖ **বাস্তব অনুসন্ধান :** প্রকল্পের প্রকৃত অবস্থা ও সরকারী ভর্তুকির যথাযথ ব্যবহার সম্পর্কে অবহিত হওয়ার জন্য ব্যবস্থাপনার অঙ্গ হিসাবে ১০০ শতাংশ বাস্তব অনুসন্ধান চালানো হবে।
- ❖ **নেতিবাচক তালিকা :** মাংস প্রক্রিয়াকরণ, মাংস কৌটাজাতকরণ, বিড়ি, পান সিগারেট ইত্যাদি নেশাজাত বিষয়, মাদক দ্রব্য সরবরাহের ধাৰা, তামকজাতীয় দ্রব্য তৈরি, তামাক জাতীয় দ্রব্যকে কাঁচামাল হিসেবে ব্যবহার, বিক্রির উদ্দেশ্যে তাড়ি তৈরী, তাড়ি তৈরীর সাথে যুক্ত দানাশস্য। উদ্ভিদের চাষ, পশু পালন, মাছ চাষ, দানাশস্য সংগ্রহের মেশিন, ২০ মাইক্রন চেয়ে হালকা পলিথিন কারীব্যাগ তৈরী, মজুত, বহন, বন্টন অথবা খাদ্যদ্রব্য প্যাকেটজাত করণের লক্ষ্যে পূর্নব্যবহারযোগ্য প্লাস্টিকের ব্যাগ বা পাত্র তৈরি, পাসমিনা উল এবং হাতে, সূতা তৈরি ও খাদিবস্ত্র, গ্রামীণ পরিবহন (সি.এন.জি চালিত অটোরিক্সা ব্যতীত) ইত্যাদি।

বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন -

জেলা শিল্প কেন্দ্র, খেজুরবাগান, আগরতলা (দূরভাষ - ০৩৮১-২৪১৮১৭০)

জেলা শিল্প কেন্দ্র, উদয়পুর (দূরভাষ - ০৩৮২১ - ২২২৪০৬)

জেলা শিল্প কেন্দ্র, আমবাসা (দূরভাষ - ০৩৮২৬ - ২৬৭২২২)

জেলা শিল্প কেন্দ্র, কৈলাশহর (দূরভাষ - ০৩৮২৮ - ২২২২৪৬)

ত্রিপুরা খাদি ও গ্রামোদ্যোগ পর্ষদ (দূরভাষ - ০৩৮১ - ২৩২৪৬৩৮)

ত্রিপুরা খাদি ও গ্রামোদ্যোগ কমিশন (দূরভাষ - ০৩৮১ - ২৩২৩৭৩৫)

বিস্তারিত বিবরণের জন্য নিকটস্থ সমষ্টি উন্নয়ন আধিকারিক অফিসের শিল্প বিভাগেও যোগাযোগ করা যেতে পারে।

আবেদনের জন্য লগ অন করুন

www.kvic.online.gov.in

শিল্প ও বাণিজ্য দপ্তর, ত্রিপুরা সরকার কর্তৃক প্রকাশিত-২০১৮